

## B.A. 4th Semester (General) Examination, 2023 (CBCS)

বিষয় : বাংলা

Course: SEC-2

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মানের নির্দেশক।  
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

২×৫=১০

- (ক) প্রতিবেদন-এর সংজ্ঞা লেখো।  
(খ) প্রতিবেদনের আদর্শ শিরোনামের কী কী গুণ থাকা উচিত?  
(গ) প্রতিবেদনের ভাষা কেমন হওয়া প্রয়োজন?  
(ঘ) প্রাতিষ্ঠানিক পত্রে 'ক্রোড়পত্র' কাকে বলে?  
(ঙ) ব্যক্তিগত পত্র কাকে বলে? একটি উদাহরণ দাও।  
(চ) অনুচ্ছেদ কাকে বলে?  
(ছ) ভাবার্থ কাকে বলে বুঝিয়ে লেখো।  
(জ) প্রাতিষ্ঠানিক পত্রে প্রেরকের নাম ও পরিচয় কোথায় থাকে?

২। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

৫×২=১০

- (ক) তোমার এলাকায় ভেঙে যাওয়া রাস্তা মেরামতির আবেদন জানিয়ে এলাকার প্রশাসনিক প্রধানকে একটি পত্র লেখো।  
(খ) ভারতবর্ষের চন্দ্রযান-৩ উৎক্ষেপণের সাফল্য নিয়ে উপযুক্ত শিরোনামসহ একটি প্রতিবেদন রচনা করো।  
(গ) 'জাতীয় সংহতি' বিষয়ে একটি অনুচ্ছেদ রচনা করো।  
(ঘ) ভাবার্থ লেখো :

মরিতে চাহিনা আমি সুন্দর ভুবনে,  
মানবের মাঝে আমি বাঁচিবারে চাই।  
এই সূর্যকরে এই পুষ্পিত কাননে  
জীবন্ত হৃদয়-মাঝে যদি স্থান পাই।  
ধরায় প্রাণের খেলা চিরতরঙ্গিত,  
বিরহ মিলন কত হাসি-অশ্রুস্রয়,  
মানবের সুখে-দুঃখে গাঁথিয়া সঙ্গীত  
যদি গো রচিত পায় অমর-আলয়।

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

(ক) নিত্য প্রয়োজনীয় দ্রব্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধির কারণে সাধারণ মানুষ চরম সমস্যায় পড়েছে— এই বিষয়ে উপযুক্ত শিরোনামসহ একটি প্রতিবেদন রচনা করো।

(খ) তোমার মহাবিদ্যালয়ে অনুষ্ঠিত রবীন্দ্রজয়ন্তীর বিবরণ দিয়ে তোমার হোস্টেলে-থাকা ভাই বা বোনকে একটি পত্র লেখো।

(গ) অনুচ্ছেদ রচনা করো : 'শিক্ষাবিস্তারে গণমাধ্যমের ভূমিকা'।

(ঘ) ভাবসম্প্রসারণ করো :

'ধর্মকারার প্রাচীরে বজ্র হানো

এ অভাগা দেশে জ্ঞানের আলোক আনো'।